

নিউ ইয়র্ক স্টেটে আপনার ভাষা অ্যাক্সেসের অধিকার



Office of General Services
Office of Language Access



নিউ ইয়র্ক স্টেটের ভাষা অ্যাক্সেস আইন

নিউ ইয়র্কবাসীরা ৪০০টিরও বেশি ভাষায় কথা বলেন। ইংরেজিতে যেমনভাবেই কথাবার্তা বলুন না কেন—সমস্ত নিউ ইয়র্কবাসী সরকারি পরিষেবা এবং সুযোগ সুবিধায় যাতে অ্যাক্সেস পান তা নিশ্চিত করতে—গভর্নর ক্যাথি হোকল (Kathy Hochul) নিউ ইয়র্ক স্টেটের ভাষা অ্যাক্সেস নীতিকে আইনে পরিণত করেছেন এবং স্টেটের ভাষা অ্যাক্সেস দপ্তর (Office of Language Access) তৈরি করেছেন। এই আইনের অধীনে আওতাভুক্ত নিউ ইয়র্ক স্টেট এজেন্সিগুলি যাতে এটি দক্ষতার সাথে এবং কার্যকরভাবে বাস্তবায়িত করে, তা নিশ্চিত করার জন্য দায়িত্বপ্রাপ্ত দপ্তর হল সাধারণ পরিষেবা দপ্তর (Office of General Services)-এর অধীনস্থ ভাষা অ্যাক্সেস দপ্তর।

এই আইনের অধীনে, যেসব নিউ ইয়র্ক স্টেট এজেন্সিগুলি জনগণকে পরিষেবা বা সুযোগ সুবিধা প্রদান করে তাদের অবশ্যই:

1. পরিষেবা বা সুযোগ সুবিধা গ্রহণকারী ব্যক্তিকে আমেরিকান প্রতীকী ভাষা (American Sign Language, ASL) সহ তার প্রাথমিক ভাষায় দোভাষী পরিষেবা প্রদান করতে হবে।
2. ইংরেজি ভালো বলতে পারেন না, এমন নিউ ইয়র্কবাসীদেরকে সবথেকে বেশি ব্যবহৃত 12টি কথ্য ভাষায় নিজেদের পরিষেবা বা সুবিধার সাথে সম্পর্কিত গুরুত্বপূর্ণ নথিপত্র অনুবাদ করতে হবে। সেইসাথে এজেন্সিগুলিকে তাদের গুরুত্বপূর্ণ নথিপত্র ভাষা অ্যাক্সেস আইনে বর্ণিত মানদণ্ডের উপর নির্ভর করে আরও চারটি পর্যন্ত ভাষায় অনুবাদ করতে হবে।
3. তাদের এজেন্সি ভাষা অ্যাক্সেস আইন অনুসরণ করছে, তা নিশ্চিত করতে একজন ভাষা অ্যাক্সেস কোঅর্ডিনেটরকে বেছে নিতে হবে যিনি ভাষা অ্যাক্সেস দপ্তরের সাথে কাজ করবেন।
4. এজেন্সির ওয়েবসাইটে তাদের ভাষা অ্যাক্সেসের পরিকল্পনা পোস্ট করতে হবে এবং প্রতি দু'বছর অন্তর সেটি আপডেট করতে হবে।

ভাষা অ্যাক্সেস দপ্তর প্রতিবছর এই পরিষেবাগুলি সম্বন্ধে একটি প্রতিবেদন প্রকাশ করে।

ভাষা অ্যাক্সেস দপ্তর, ভাষা অ্যাক্সেস আইনের অধীনে আওতাভুক্ত এজেন্সিগুলি সম্বন্ধে আরও তথ্যের জন্য এবং ভাষা অ্যাক্সেস পরিষেবা পাওয়ার ব্যাপারে আপনার অভিজ্ঞতা নিয়ে মতামত জমা দিতে

languageaccess.ny.gov দেখুন।

2.5 মিলিয়ন নিউ ইয়র্কবাসী রয়েছেন, যারা ভালোমতো ইংরেজি বলতে পারেন না। ইংরেজি ছাড়া, নিউ ইয়র্কে এই সেবা বারোটি ভাষায় সবচেয়ে বেশি কথা বলা হয়:

- আরবি
- কোরিয়ান
- বাংলা
- পোলিশ
- চীনা (ক্যান্টনিজ এবং ম্যান্ডারিন সহ)
- রাশিয়ান
- ফরাসি
- স্প্যানিশ
- হাইতিয়ান ফ্রেওল
- উর্দু
- ইতালিয়ান
- হিন্দিশ



আপনার “I Speak” (আমি কথা বলি) কার্ড কীভাবে ব্যবহার করবেন

এই ইস্তাহারটির মাধ্যমে আপনি একটি “I Speak” (আমি কথা বলি) কার্ড পেতে পারেন। আপনি আপনার পছন্দের ভাষা সনাক্ত করার জন্য এটি ব্যবহার করতে পারেন। আপনি আপনার সঙ্গে কার্ডটি রাখতে পারেন এবং ভাষা অ্যাক্সেস আইনের অধীনে আওতাভুক্ত যেকোনো নিউ ইয়র্ক স্টেট এজেন্সির পরিষেবা বা সুযোগ সুবিধা চাওয়ার সময়, সেখানে গিয়ে কর্মীকে এটি দেখাতে পারেন। আপনার জন্য কীভাবে সঠিক দোভাষীর ব্যবস্থা করা হবে, তা বুঝতে এটি এজেন্সির কর্মীকে সাহায্য করবে। আপনি এই কার্ডটি আপনার ফোনেও ডাউনলোড করতে পারেন—শুধু নিচে দেওয়া ধাপগুলি অনুসরণ করুন।

আপনার ফোনে কার্ড ডাউনলোড করা:

1. QR কোড স্ক্যান করুন।
2. তালিকা থেকে আপনার ভাষা বাছুন।
3. এটি আপনার ফোনে সংরক্ষণ করতে উপরের ডানদিকের কোণায় থাকা আইকনটিতে ক্লিক করুন।
4. যখনই কোনও স্টেট এজেন্সিতে সেখানকার পরিষেবা বা সুযোগ সুবিধা নেওয়ার জন্য যাবেন, তখন কার্ডটি খুলে কর্মীকে দেখান।



আপনি কি জানতেন?

আমেরিকান প্রতীকী ভাষা (American Sign Language, ASL) মার্কিন যুক্তরাষ্ট্র এবং কানাডায় অবস্থিত অনেক মানুষেরই প্রাথমিক ভাষা। মার্কিন যুক্তরাষ্ট্রে বধির এবং দুর্বল শ্রবণশক্তি থাকা ব্যক্তির প্রতীকী ভাষা হিসাবে সাধারণত ASL ব্যবহার করলেও, এটি সর্বজনীন নয়। বিভিন্ন অঞ্চলে বিভিন্ন ধরনের প্রতীকী ভাষার ব্যবহার রয়েছে, যেমন ব্রিটিশ প্রতীকী ভাষা, ফরাসী প্রতীকী ভাষা বা চীনা প্রতীকী ভাষা। কথ্য ভাষার তুলনায় প্রতীকী ভাষাগুলির গঠন একদম অন্যরকম হতে পারে। দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা যেকোনও ব্যক্তির মতোই, ASL ব্যবহারকারীরা ইংরেজিতে কথোপকথনের সময় সমস্যার সম্মুখীন হতে পারেন এবং নিউ ইয়র্ক স্টেট এজেন্সিগুলির থেকে পরিষেবা বা সুযোগ সুবিধা চাওয়ার সময় ভাষা অ্যাক্সেস আইন অনুযায়ী তাদের একজন দোভাষীর সাহায্য নেওয়ার অধিকার রয়েছে।